

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ২০০৪

তারিখ: ২১/১০/২০২৪ খ্রি

বিষয়: বিশেষ সমিতি গঠনে ব্যর্থ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীগণের উৎসাহ ভাতাসহ বেতন-ভাতাদির অংশ স্থগিত প্রসঙ্গে।

সূত্র: দপ্তরের স্বাকর নং: ১২৬, তারিখ: ১৬/১২/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় আইজিএ ভিত্তিক বিশেষ সমিতি গঠনের জন্য অত্র দপ্তর থেকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন সময়ে জুম মিটিং এবং জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সভায় প্রত্যেক উপজেলায় নমুনা হিসেবে কমপক্ষে ৩টি করে সফল ও কার্যকর বিশেষ সমিতি গঠনের জন্য তাগাদা প্রদান করা হয়। প্রধান কার্যালয় থেকে বারবার নির্দেশনার পরও বিশেষ সমিতি গঠনের বিষয়ে অনেক উপজেলার তৎপরতা পরিলক্ষিত হচ্ছে না। এতে করে প্রকল্পের নমুনা সমিতির কার্যক্রম কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, কার্যকর বিশেষ সমিতি গঠনে ব্যর্থ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীগণের উৎসাহ ভাতা প্রদান স্থগিত থাকবে। দৃশ্যমান ও কার্যকর বিশেষ সমিতি গঠনে সক্ষম হলে পরবর্তীতে সরেজমিনে যাচাই সাপেক্ষে তাদের উৎসাহ ভাতা প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে। তাছাড়া সরেজমিনে যাচাই-এ যে সকল উপজেলায় নির্দেশনা অনুযায়ী নমুনা সমিতি পাওয়া যাবে, সে সকল উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীগণের বেতন-ভাতাদির ১০% স্থগিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন-০২৪১০১০৩৪৩
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৫. হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. অফিস নথি।